গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এমআরটি অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনা ২০১৮-২০১৯ এর তৃতীয় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০১৯) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৮ মার্চ, ২০১৯ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১০.০০ মিনিট
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, নির্ধারিত সূচী মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-২০১৯ এর তৃতীয় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০১৮) এর শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত নৈতিকতা কমিটির এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS সহযোগী কর্মকর্তা ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন সভায় পর্যায়ক্রমে Power Point এর মাধ্যমে উপস্থাপন করেন। প্রতিবেদনের তথ্য পর্যালোচনায় দেখা যায়, এ বিভাগের তৃতীয় প্রান্তিকের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনাভূক্ত নৈতিকতা কমিটির সভা, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, বিভিন্ন কার্যক্রম পরিবীক্ষণ, ভিডিও কনফারেন্স, প্রশিক্ষণ কার্যক্রমসহ সকল কার্যক্রমের বাস্তবায়ন প্রায় শতভাগ অর্জিত হয়েছে।

০২। সভায় গত ২৭/১২/২০১৮ তারিখে অনুষ্ঠিত দ্বিতীয় প্রান্তিকের নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতিও উপস্থাপন করা হয়। সভাপতি মহোদয়ের জিজ্ঞাসার প্রেক্ষিতে অবহিত করা হয় যে, কার্যবিবরণীর সিদ্ধান্ত অংশের ১নং ক্রমিকের দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণে মনোনীত প্রশিক্ষণার্থীদের মধ্যে যারা পূর্বানুমতি ব্যতিরেকে/কর্তৃপক্ষকে অবহিতকরণ ব্যতিত অনুপস্থিত ছিলেন তাঁদের বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশের জবাব সংগ্রহ করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে মর্মে যে সিদ্ধান্ত ছিল তা কারণ দর্শানো ও লিখিত জবাব সংগ্রহের মাধ্যমে সংশ্লিষ্টদেরকে সতর্ক করা হয়েছে। সিদ্ধান্তের ২নং ক্রমিকের বিদ্যুৎ সাশ্রয়ে সকলকে উদ্যোগ নিতে হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৪র্থ শ্রেণীর বিদ্যুৎ সাশ্রয়ী বিষয়ে কর্মচারীদের ব্রিফিং দিতে হবে মর্মে যে সিদ্ধান্ত ছিল, সে অনুযায়ী গত ১৯/০৩/২০১৯ তারিখে এ বিষয়ে ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ব্রিফিং দেয়া হয়েছে। এ সময় প্রসংগক্রমে তিনি বলেন, আইন বিধি সংস্কার, পরিবীক্ষণ কার্যক্রমসমূহ, ওয়েবসাইট হালনাগাদকরণ, প্রশিক্ষণ, ই-জিপি কার্যক্রমে লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর উদ্যোগ প্রয়োজন এবং এ বিভাগের NIS সংশ্লিষ্ট অর্থ বরাদ্দে সমন্বয় প্রয়োজন।

০৩। বিদ্যুৎ, পানি ও জ্বালানী (তেল/গ্যাস) এর সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ে সভাপতি বলেন বিদ্যুৎ সাশ্রয়ে সকলকে উদ্যোগ নিতে হবে। অফিস রুমে কেউ না থাকলে শীততাপ যন্ত্র, ফ্যান বন্ধ রাখতে হবে এবং বিদ্যুৎ সাশ্রয়ী LED লাইট স্থাপন করা প্রয়োজন। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং অধীনস্থ দপ্তর/সংস্থার সকলকে এ বিষয়ে মনিটরিং করতে হবে। সকল সংস্থার GRS এ প্রাপ্ত অভিযোগের যথাযথ জবাব দায়িত্বশীলতার সাথে প্রদান করতে হবে। বিলম্বের জন্য দুঃখ প্রকাশ করাও বাঞ্ছনীয়। সভায় উপস্থিত কোনো কোনো সদস্য/প্রতিনিধির পর্যবেক্ষণের প্রেক্ষিতে মেট্রোরেল নির্মাণ কাজ চলাকালে জনভোগান্তি সর্বনিম্ন পর্যায়ে রাখার যথাযথ ব্যবস্থা নেয়ার অনুরোধ করা হয়। তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার প্রশিক্ষণের সনদ এবং নৈতিকতা কমিটির সভা, ফিডব্যক প্রদান সংক্রান্ত সভাসহ সকল কার্যক্রমের ডকুমেন্ট মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ সকল বিষয়ে প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন ও যাচাই করতে হবে। NIS কার্যক্রমের ৫.৪ ক্রমিকের “ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন” লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

০৪। সভাপতি অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের NIS কার্যক্রমের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের উপর গুরুত্বারোপ করেন।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার প্রশিক্ষণের সনদ এবং নৈতিকতা কমিটির সভা, ফিডব্যক প্রদান সংক্রান্ত সভাসহ সকল কার্যক্রমের প্রমানক/ডকুমেন্ট অগ্রগতি প্রতিবেদনের সাথে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ সকল বিষয়ে উর্দ্ধতন অফিস প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন ও যাচাই করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/ NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা, RTHD |
| ২ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর আওতায় দায়িত্ব নিয়ে দ্রুত জবাব প্রদান করতে হবে। বিলম্বে জবাব প্রদানের ক্ষেত্রে দুঃখও প্রকাশ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান ও সকল GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা |


D:\MRT & NIS\Minutes of Discussion.doc

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩ | "ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন" লক্ষ্যমাত্রা অর্জনে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/যুগ্ম সচিব (প্রঃ), RTHD/সিনিয়র সিস্টেম এনালিস্ট, RTHD |
| ৪ | বিদ্যুৎ সাশ্রয়ে সকলকে যথাযথ উদ্যোগ নিতে হবে। অফিস রুমে কেউ না থাকলে এয়ার কন্ডিশনার মেশিন, ফ্যান ইত্যাদি বন্ধ রাখতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/যুগ্ম সচিব (প্রঃ) |
| ৫ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্ত সংস্থাসমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/সিনিয়র সিস্টেম এনালিস্ট, RTHD |
| ৬ | মেট্রোরেল প্রকল্প বাস্তবায়নকালে মহানগরীর জনদূর্ভোগ যাতে কম হয় তার উদ্যোগ গ্রহণ ও তদারকী জোরদার করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৭ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের NIS কার্যক্রমের ১০.১ ক্রমিকের "শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ" লক্ষ্যমাত্রা ৩য় প্রান্তিকে ১,৫০,০০০/- ও ৪র্থ প্রান্তিকে ৪,৫০,০০০/- টাকা পুন:নির্ধারিত হবে। | NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা, RTHD |
| ৮ | ডিটিসিএ অধিক্ষেত্রে বহুতল ভবন নির্মাণে ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদানের কার্যক্রম অবহিত/তদারকীর সুবিধার্থে বিষয়টি এ বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিরণীতে অন্তর্ভূক্ত করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| ৯ | অধীনস্থ দপ্তর/সংস্থার NIS কার্যক্রমের প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিতে সংশ্লিষ্ট সকলকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান |

০৬। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
০৩/৪/১৯
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৪.০৬.০১৯.১৮-৮২

তারিখ : ২১ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
০৪ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৬। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭। প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬), প্রবাসী কল্যাণ ভবন, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
০৮। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯। উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ/বাজেট/অডিট/সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। অফিস কপি/মাস্টার কপি।

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোনঃ ৯৫৭৩২২৭
E-mail: dsmrt@rthd.gov.bd